



জরুরি বিজ্ঞপ্তি

নং- ৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/৩১৫

তারিখ : ০১/০৬/২০২১

বিষয় : ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন, বিষয় ও বিভাগ সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের আওতাধীন অনুমোদিত ও স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক/স্কুল এন্ড কলেজ পর্যন্ত) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ইতিপূর্বে শেষ হয়েছে। কোভিড- ১৯ মহামারির কারণে যে সমস্ত শিক্ষার্থী রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে পারেনি বা অন্য কোন কারণে বাদ পড়েছে এবং বোর্ড পরিবর্তন করে ভর্তি হয়েছে। এধরনের বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন, বিষয় ও বিভাগ পরিবর্তন এবং পূর্বে দাখিলকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় সংশোধন করার সুযোগ দেয়া হলো।

২। আগামী ০২/০৬/২০২১ হতে ১৭/০৬/২০২১ তারিখের মধ্যে (নির্ধারিত খাতে সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে হবে) উক্ত বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন, বিষয় ও বিভাগ পরিবর্তন ইত্যাদি কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করতে হবে। নিম্নে ফি-এর হার দেয়া হলো :

শিক্ষার্থী প্রতি (বিলম্ব ফি ব্যতিত) রেজিস্ট্রেশন ফি (পূর্বের ন্যায়)	: ১৬৩/-
শিক্ষার্থী প্রতি বিষয় পরিবর্তন ফি (পূর্বের ন্যায়)	: ১০০/-
শিক্ষার্থী প্রতি বিভাগ পরিবর্তন ফি (পূর্বের ন্যায়)	: ৫০০/-

উল্লেখ্য, বর্ণিত তারিখের পর পরবর্তীতে কোন অবস্থাতেই উক্তরূপ সংশোধন এবং রেজিস্ট্রেশন করার সুযোগ দেয়া হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে সংশোধন না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।


বি: দ্র: বিগত ১৭/১২/২০২০ তারিখ প্রচারিত বিজ্ঞপ্তির অপরাপর শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

অনুলিপি :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। উপপরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


০২/০৬/২০২১
প্রফেসর মোহাম্মদ আবুল মনজুর জুঁঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা